

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০১ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

নং ৪৯.০০.০০০০.০২৪.০০.০৩৯.১৪.৮৩৯—বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ সরকার ২০১৫ সালের জন্য “বৈদেশিক মুদ্রা প্রেরণকারী” ক্যাটাগরিতে ১০(দশ) জন এবং “বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক” ক্যাটাগরিতে ০২(দুই) জনসহ নিম্নোক্ত ১২ (বার) জনকে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) হিসাবে নির্বাচন করিয়াছে :

বৈধ চ্যানেলে বৈদেশিক মুদ্রা প্রেরণকারী :

ক্রঃ নং	নাম, পিতা/স্বামী, মাতার নাম ও পাসপোর্ট নম্বর	বর্তমান ঠিকানা	বাংলাদেশের ঠিকানা
০১	মোহাম্মদ মাহতাবুর রহমান পিতা-মরহুম কাজী আব্দুল হক মাতা-মরহুমা রোকিয়া বেগম পাসপোর্ট নং-৫০৫৭০২৫৪৫	Al Haramain Perfumes P.O. Box No.13754 Dubai, United Arab Emirates	কাজী ভবণ, পুরবী আবাসিক এলাকা, ইসলামপুর, শাহপরাণ, সিলেট।
০২	মোহাম্মদ আকতার হোসেইন পিতা-রমিজ আহমেদ মাতা-ওমর খাতুন পাসপোর্ট নং-এ জি ৮০৩০২৪৩	Real Estate RAK UAE P.O. Box No. 3056 Dubai, United Arab Emirates	গাছবাড়ীয়া ওয়ার্ড নং-১, গাছবাড়ীয়া, চন্দনাইশ, চট্টগ্রাম।

(১৭৮৩১)

মূল্য : টাকা ৮.০০

ক্র: নং	নাম, পিতা/স্বামী, মাতার নাম ও পাসপোর্ট নম্বর	বর্তমান ঠিকানা	বাংলাদেশের ঠিকানা
০৩	আবুল কালাম পিতাঃ আলী হোসেন মাতা-সাফেরা বেগম পাসপোর্ট নং-এ সি ৬৩৮৪৮৩০	Star Gold Group, Deira P.O. Box No. 92086 Dubai, United Arab Emirates	ধনুয়াখোলা, শরৎনগর, কোতয়ালি, কুমিল্লা।
০৪	আহম্মদ আল জামান পিতা-মোঃ নূর উজ্জ জামান মাতা- আমেনা জামান পাসপোর্ট নং- এ এফ ১৩৬৩৪৫১	Suite# 1805 Sabban Tower A Pearl Qatar Doha, State of Qatar.	বাড়ী নং-১৮, রোড নং-৯, বারিধারা, ঢাকা-১২১২।
০৫	মোহাম্মদ আদনান ইমাম পিতা-চৌধুরী ফজলে ইমাম মাতা-নিলুফার ইমাম পাসপোর্ট নং-বি এ ০১৭১৯৬৩	53 Kendal Street London, W2 2BP United Kingdom	বাড়ী নং-১৭, রোড নং-৫৫, গুলশান-২, ঢাকা-১২১২।
০৬	মোহাম্মদ আব্দুল রহিম পিতা-মরহুম আলহাজ্জ মোহাম্মদ মুখলেছুর রহমান মাতা-মরহুমা মোছাম্মত কর্পুল নেছা পাসপোর্ট নং-এ এ ৮৫১০৫৩০	87 Long Wood Gardens Clayhall, Ilford Essex IG50EE, United Kingdom	ফ্ল্যাট ৩ সি ১, বাড়ী নং-১/২, রোড-৬, গুলশান-১, ঢাকা-১২১২।
০৭	মোহাম্মদ ইয়াছিন চৌধুরী পিতা-মোহাম্মদ মুছা চৌধুরী মাতা-খোরশীদা বেগম পাসপোর্ট নং- এ ডি ৬৩২৬৯৮৯	P.O. Box No. 1128 PC 121, Seeb Sultanat of Oman	দক্ষিণ সর্ভা, গহিরা, রাউজান, চট্টগ্রাম।
০৮	ওমর ফারুক পিতা-এম.এ.কাদির চৌধুরী মাতা-কায়সার সুলতানা পাসপোর্ট নং- এ এ৫২৩২৮২৮	P.O. Box No. 46893 Abu Dhabi United Arab Emirates	গ্রাম-সোন্দাইল, ডাকঘর-সোন্দাইল থানা- নাঙ্গলকোট, জেলা- কুমিল্লা।
০৯	মোসাম্মৎ জেসমিন আক্তার স্বামী-মোহাম্মদ মাহাবুব আলম মাতা-ফাতেমা বেগম পাসপোর্ট নং-এ ই ৪৩৭২৯০৫	Tokyosat LLC, Shop No.11 Al Nakheel Road, Deira P.O. Box No. 89236 Dubai, United Arab Emirates	ধনুয়াখোলা বড় বাড়ী, শরৎনগর, কোতয়ালি, কুমিল্লা।
১০	মোহাম্মদ মোছাদ্দেক চৌধুরী মাতা-নূর নাহার বেগম পিতা-আলহাজ্জ আবদুর রহমান চৌধুরী পাসপোর্ট নং-এফ ০৯৫৯৫৯৭	P.O. Box No. 82 Wadi, Al Kabir, PC-117 Sultanate of Oman	গ্রাম-তেকেটা, ডাকঘর-তেকেটা, উপজেলা-আনোয়ারা, জেলা- চট্টগ্রাম।

বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক :

ক্র: নং	নাম, পিতা/স্বামী, মাতার নাম ও পাসপোর্ট নম্বর	বর্তমান ঠিকানা	বাংলাদেশের ঠিকানা
০১	আবুল কাশেম পিতা-হাজী আব্দুর রাজ্জাক সওদাগর মাতা- ছবলা খাতুন পাসপোর্ট নং- এ এ ২৪১০৫২৪	Janata General Trading Co. Makka Street, Fahaheel State of Kuwait	আজগর আলী সওদাগর বাড়ী, দক্ষিণ মাদ্রাসা, হাটহাজারী, চট্টগ্রাম।
০২	মোহাম্মদ সেলিম পিতা-আব্দুস সবুর মাতা-রিজিয়া বেগম পাসপোর্ট নং-এ এ ৭৪৮৮৪৯২	Al Falaq Group of Companies P.O. Box No. 32659 Sharjah, United Arab Emirates	দক্ষিণ পাহাড়াতলী, ফতেয়াবাদ, হাটহাজারী, চট্টগ্রাম।

০২। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা ২০০৬ অনুযায়ী এই প্রজ্ঞাপনে উল্লিখিত বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ (অনাবাসি বাংলাদেশি) প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ০১ (এক) বৎসর পর্যন্ত নিম্ন বর্ণিত সুযোগ-সুবিধা ভোগ করিতে পারিবেন :

- (ক) তাঁহাদের অনুকূলে প্রদত্ত সিআইপি (এনআরবি) কার্ডের মেয়াদকালীন সময়ে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র পাইবেন।
- (খ) সরকার কর্তৃক নিয়োজিত সংশ্লিষ্ট বিষয়ক নীতি নির্ধারণী কমিটিতে সদস্য হিসাবে অর্ন্তভুক্ত হইবার ক্ষেত্রে যোগ্য মর্মে বিবেচিত হইবেন।
- (গ) দেশ ও বিদেশে উচ্চ পদস্থ কর্মকর্তাদের সংগে বৈঠকে অগ্রাধিকার পাইবেন।
- (ঘ) বিজয় দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, একুশে ফেব্রুয়ারী, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ইত্যাদি জাতীয় গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন।
- (ঙ) ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলযানে আসন সংরক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন।
- (চ) নিজের ও তাঁর স্ত্রী, পুত্র, কন্যার চিকিৎসার জন্য সরকারী হাসপাতালে কেবিন সুবিধাপ্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন।
- (ছ) বাংলাদেশে বিনিয়োগ করিলে বিদেশি বিনিয়োগকারীদের অনুরূপ সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন এবং তাহাদের বিনিয়োগ Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 (Act No. XI of 1980) এর বিধান অনুসারে সংরক্ষণ করা হইবে।
- (জ) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং এর সুবিধা পাইবেন।

০৩। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) তাঁর অনুকূলে প্রদত্ত কার্ডের মেয়াদকাল সমাপ্তির পর অনধিক এক সপ্তাহের মধ্যে কার্ডটি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি অথবা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জমা করিবেন।

০৪। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর সিআইপি (এনআরবি) কার্ডের অনুকূলে প্রদত্ত সুযোগ-সুবিধা কোনক্রমেই দাবী করা যাইবে না।

০৫। সরকার কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) এর অনুকূলে প্রদত্ত সুযোগ-সুবিধা প্রত্যাহার করিতে পারিবে।

০৬। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কালচাঁদ সরকার
সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd